বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং- ০৪/২০১৯ তারিখঃ ২৮-০৩-২০১৯ ইং

বিষয়ঃ "ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প" প্রবর্তন প্রসঙ্গে।

আর্থিক স্বচ্ছলতা, স্থিতিশীলতা ও সমৃদ্ধির লক্ষ্যে দেশের সর্ব স্তরের মানুষের মধ্যে সঞ্চয় মনোভাব গড়ে তোলা অপরিহার্য বিধায় এরই অংশ হিসাবে জনসাধারনকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি ব্যাংকের স্থায়ী ও দীর্ঘ মেয়াদি আমানত ভিত্তি গড়ে তোলার লক্ষ্যে আমানতের আকর্ষণীয় প্রডাক্ট বাজারে প্রচলন করা আবশ্যক। প্রচলিত মেয়াদি আমানত হিসাবের নিয়মানুযায়ী আমানতের মেয়াদপূর্তিতে সুদসহ আমানতের টাকা এককালীন প্রদান করা হয়। কিন্তু অনেক আমানতকারী এককলীন সুদ গ্রহনের পরিবর্তে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ গ্রহনে আগ্রহী। বর্তমানে আমানতের সুদ হার সকল ব্যাংকেই আগের চেয়ে তুলনামুলকভাবে কম হওয়ায় এবং পূর্বে খোলা আমানতসমূহ ইতোমধ্যে মেয়াদপূর্তি হওয়ায় নতুনভাবে আমানত স্কীম চালু করা জরুরী প্রয়োজন। সেই লক্ষ্যে ব্যাংকের প্রচলিত অন্যান্য সঞ্চয় স্কীমগুলোর পাশাপাশি "ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প" নামে নুতন প্রডাক্ট চালু করার প্রস্তাব গত ১১-০৩-২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭২৯ তম সভায় উপস্থাপন করা হলে সদয় অনুমোদন প্রদান করেন। পরিচালনা পর্ষদের সদয় অনুমোদনক্রমে উক্ত "ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প" সম্পর্কিত একটি পরিপত্র জারী করা হলো। নিম্নে এ ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় স্কীম খোলা ও পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী বিস্তারিত উল্লেখ করা হলো।

২.০। হিসাবের নামঃ "ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প"।

২.১। হিসাব খোলার যোগ্যতাঃ সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে এ স্কীমের আওতায় এক বা একাধিক হিসাব খুলতে পারবে।

২.২। মেয়াদকালঃ ৩ বছর।

২.৩। আমানতের পরিমান ঃ ন্যূনতম ১০০,০০০/- (এক লক্ষ) টাকা অথবা এর গুনিতক, সর্বোচ্চ ২৫,০০,০০০/-(পচিঁশ লক্ষ) টাকা।

২.৪। সুদের হারঃ এ স্কীমে জমাকৃত টাকার উপর ৭.৫০ শতাংশ সরল সুদ নিম্নোক্তভাবে সুদ প্রযোজ্য হবে ঃ

| আমানতের মেয়াদ | টাকার পরিমান | সুদের হার | ত্রৈমাসিক মুনাফার পরিমান |
|---|---|---|---|
| ৩ বছর | ১,০০,০০০/- | ৭.৫০ | ১৮৭৫/- (প্রদানযোগ্য মুনাফা হতে প্রযোজ্য হারে উৎস কর কর্তন করা হবে)। |

২.৫। উদ্দেশ্যঃ স্বল্প আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উৎসাহিত করার মাধ্যমে ভবিষ্যত আর্থিক নিশ্চয়তা ও কল্যাণ এবং ব্যাংকের আমানত বৃদ্ধি।

২.৬। "ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প" হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে ঃ-

ক) সকল সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে এ স্কীমের আওতায় এক বা একাধিক হিসাব ব্যাংকের নির্ধারিত আবেদন ফরমের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের যে কোন শাখায় খুলতে পারবে। হিসাব খোলার সময় হিসাব পরিচালনাকারীর নমুনা কার্ডে স্বাক্ষর গ্রহন করতে হবে।

খ) হিসাব খোলার সময় আমানতকারীকে তার যথাযথ/পূর্নাঙ্গ পরিচিতি (KYC) প্রদানসহ জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদ/পাসপোর্ট এর ফটোকপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি প্রদান করতে হবে। এ আমানত হিসাবের উপর সরকার কর্তৃক আরোপিত উৎসে কর, আবগারী শুল্ক ইত্যাদি আমানতকারীকেই বহন করতে হবে এবং উহা যথারীতি আমানত হিসাব হতে কর্তনযোগ্য হবে।

চলমান পাতা-০২

গ) হিসাব খোলার ফরমে টাকার পরিমান ও মেয়াদকাল (অংকে ও কথায়) স্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে; কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্তন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহনযোগ্য হবেনা। হিসাবটি চেকবিহীন হবে।

ঘ) ত্রৈমাসিক প্রদেয় সুদ নির্ধারিত তারিখে নগদে উত্তোলন অথবা আমানতকারীর শাখায় রক্ষিত সঞ্চয়ী /চলতি হিসাবের মাধ্যমে প্রদান করা যাবে। তবে এক্ষেত্রে প্রতি নির্দেশ বাস্তবায়নে স্থানান্তর ফি আদায়যোগ্য হবে।

ঙ) প্রতিটি হিসাবে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ প্রদেয় হবে। মাসিক ভিত্তিতে সুদ প্রভিশন রাখতে হবে।

চ) মেয়াদপূর্তিতে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে এ হিসাব নবায়ন করা যাবে।

২.৭। নমিনি মনোনয়নঃ

ক) আমানতকারীকে ব্যাংকের প্রচলিত নিয়মে হিসাবের নমিনী অবশ্যই নিযুক্ত করে আমানতকারী কর্তৃক নমিনীর সত্যায়িত ছবি ফর্মের সাথে সংযুক্ত করতে হবে। নমিনীর ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে। নমিনীর ছবি অবশ্যই হিসাবধারী কর্তৃক সত্যায়িত হতে হবে। নাবালক/নাবালিকাকেও নমিনী করা যাবে।

খ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহনের পূর্বে নমিনীর মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সে ক্ষেত্রে হিসাবধারী নতুন নমিনী মনোনয়ন করতে পারবেন। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহনের প্রয়োজন হবে না এবং বিষয়টি শাখা পর্যায়েই নিস্পত্তিযোগ্য হবে। নমিনীকে হিসাবের অর্থ পরিশোধের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি গ্রহণ করতে হবে।

- ➢ আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- ➢ নমিনীর পরিচিতি যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্র/স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/একজন গেজেটেড অফিসার বা ব্যাংকের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার প্রত্যয়নপত্র।
- ➢ নমিনীর আইনানুগ অবিভাবকের আবেদনপত্র ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (নাবালক/নাবালিকার ক্ষেত্রে)।
- ➢ নাবালক/নাবালিকার ক্ষেত্রে নমিনীর আইনানুগ অভিভাবক কর্তৃক শাখার একজন আমানত হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড (ক্ষতিপূরন মুচলেকা)।

গ) আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তার মনোনয়ন বাতিল করে নতুন নমিনী মনোনয়ন করতে পারবেন।

২.৮। মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-

আমানতকারী বিশেষ প্রয়োজনে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম প্রযোজ্য হবে।

ক) হিসাব খোলার ৩ মাসের মধ্যে আমানত ভাংগালে কোন সুদ প্রদান করা যাবে না।

খ) ৩ মাস পর কিন্তু ৩ বছরের কম সময়ে অপরিনত হিসাব বন্ধ করার ক্ষেত্রে সঞ্চয়ী হিসাবে প্রযোজ্য হারে সুদ প্রদান করতে হবে। এরূপ ক্ষেত্রে ইতোপূর্বে প্রদত্ত মুনাফা যদি প্রাপ্য মুণাফার অতিরিক্ত হয়ে থাকে তবে হিসাব বন্ধ করার সময় অতিরিক্ত প্রদত্ত মুনাফা মুল আমানত হতে আদায় করতে হবে।

২.৯। <u>সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান ঃ</u>

আমানতকারীকে আপদকালীন সময়ের জন্য/সাময়িক প্রয়োজনে লিখিত আবেদনের প্রেক্ষিতে তার হিসাবের স্থিতি লিয়েন রেখে নিম্নবর্নিত শর্তে ঋণ প্রদান করা যাবে ঃ

| | | | |
|---|---|---|---|
| • | ঋণ সীমা | ঃ | হিসাবে জমাকৃত আসলের সর্বোচ্চ ৮০%। |
| • | ঋণের সময়কাল | ঃ | সর্বোচ্চ ০১(এক) বছর। |
| • | ঋণের প্রকৃতি | ঃ | সাধারন ও লিমিট আকারে চলমান বা সিসি (এ ক্ষেত্রে সিসির নিয়মাবলী প্রযোজ্য হবে)। |
| • | ঋণ প্রাপ্তির যোগ্যতা | ঃ | হিসাব খোলার পরেই হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান করা যাবে। |
| • | ঋণ মঞ্জুরীর ক্ষমতা | ঃ | শাখা ব্যবস্থাপক। |
| • | সুদের হার | ঃ | এ স্কীমের হিসাবের সুদের চেয়ে ৩% বেশী (ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে)। |
| • | পরিশোধ পদ্ধতি | ঃ | কিস্তিতে/এককালীন পরিশোধযোগ্য। ঋণটি কোন অবস্থাতেই শ্রেনীকৃত হতে পারবেনা। এ ধরনের সম্ভাবনা দেখা দিলে ত্রৈমাসিক মুনাফা স্কীমটি বন্ধ করে ঋণ হিসাব সমন্বয়পূর্বক অবশিস্ট অর্থ গ্রাহককে প্রদান করতে হবে। |
| • | দলিল পত্রাদি | ঃ | ক) ডিমান্ড প্রমিসরি নোট। খ) লেটার অব লিয়েন। গ) লেটার অব এরেঞ্জমেন্ট।<br>ঘ) লেটার অব ডিসবার্সমেন্ট। ঙ) সংশ্লিষ্ট আমানত হিসাবটি বন্ধ করে ঋণ হিসাব সমন্বয়(Set Off) করার সম্মতিপত্র। |

চলমান পাতা-৩

২.১০। বিশেষ নির্দেশাবলীঃ

- হিসাবধারীর মৃত্যুর পর স্বয়ংক্রিয়ভাবে হিসাবটি বন্ধ হয়ে যাবে।
- এ স্কীমের বিপরীতে গৃহীত ঋণ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে আমানতকারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নিযুক্ত নমিনিকে বা উত্তরাধিকারীগণকে প্রদেয় হবে। কোন অবস্থাতেই ঋণের টাকা অসমন্বিত রাখা যাবে না।
- এ স্কীম খোলার সময়ে গ্রাহককে মেয়াদি আমানত রশিদ ইস্যু করতে হবে এবং রশিদের উপর "ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প" সীল ব্যবহার করতে হবে। ত্রৈমাসিক মুনাফার টাকা প্রদানের ক্ষেত্রে যে সময় যে হারে সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক নির্ধারিত হবে সে হারে কর্তন করতে হবে।
- এ হিসাবের লেনদেন 'ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় স্কীম'এর খাত ২৩/৪ এবং উক্ত হিসাবে প্রদত্ত সুদ "১৩৩/৩৭ AM"। সুদ প্রভিশনের ক্ষেত্রে ৪১/৮৭ হিসাব খাতে হিসাবভুক্ত করতে হবে। এছাড়া উক্ত স্কীমের জন্য পৃথক মেয়াদি আমানত লেজার সংরক্ষণ করতে হবে এবং মেয়াদি আমানত রেজিষ্টারেও পৃথকভাবে এন্ট্রি দিতে হবে।
- স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় যে কোন সময় ব্যাংক কর্তৃপক্ষ এ স্কীমের যে কোন শর্ত সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে। তবে সরকারী উৎসে কর কর্তনপূর্বক প্রাপ্য টাকা নির্ধারন করতে হবে।
- জমাকৃত আসল টাকার উপর সরকার নির্ধারিত/যথানিয়মে আবগারী শুল্ক কর্তন করতে হবে

**৩.০০। উল্লেখ্য, এতদবিষয়ে ইতিপূর্বে জারীকৃত হিসাব মহাবিভাগের ০৫-১০-২০০৮ ইং তারিখের হিসাব মহাবিভাগ পরিপত্র নং ০৫/২০০৮ বাতিল করা হলো। এ স্কীমের আওতায় হিসাব খোলার কার্যক্রম অত্র পরিপত্র জারীর তারিখ হতে আরম্ভ হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত চালু থাকবে।**

৩.০১। এ স্কীমটি প্রবর্তনের ফলে শাখাসমূহের আমানত বৃদ্ধি পাবে। স্কীমটি জনপ্রিয় ও আমানতকারীগনের নিকট আকৃষ্ট করার উদ্দেশ্যে ব্যাপক প্রচারনা চালাতে হবে; এ উদ্দেশ্যে শাখাসমূহ কর্তৃক দর্শনীয় স্থানে ব্যানার, পোস্টার ও লিফলেটের মাধ্যমে জনসাধারনকে অবহিত ও উদ্বুদ্ধ করনসহ মাঠ পর্যায়ে শাখা ও অন্যান্য কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যক্তিগত উদ্যোগ ও ব্যাপক প্রচার কার্যক্রমের সাথে সম্পৃক্ত করার পরামর্শ দিয়ে বর্ণিত শর্তাবলীর আলোকে স্কীমটি চালু করা হলো।

অনুমোদনক্রমে-

২৮/০৩/১৯

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ।

নং প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/১৪৬৮ (১২৫০) তারিখঃ ২৮-০৩-২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১ ও ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, কর্পোরেট শাখাসমূহ।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক ( মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/ মহানথি।

২৮.০৩.১৯

(মোঃ নিজামুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

C:\Users\bkb\Desktop\Quaterly profit sch.docx